

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪১০৯(আগরতলা, ১১।০২)  
মোহনপুর, ১১ ফেব্রুয়ারি, ২০১৯

মোহনপুরে শহরী সমৃদ্ধি উৎসব অনুষ্ঠিত

মোহনপুর পুর পরিষদের উদ্যোগে গত ৮ ফেব্রুয়ারি মোহনপুর সাংস্কৃতিক ভবনে শহরী সমৃদ্ধি উৎসব আয়োজিত হয়। উৎসবের উদ্বোধন করেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন মতিলাল দাস। অনুষ্ঠানে পুর পরিষদের কাউন্সিলার স্বপন দেবনাথ, সমাজসেবী ধীরেন্দ্র দেবনাথ, তপন দত্ত, শ্যামল দেবনাথ প্রমুখ উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন মোহনপুর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন অনিতা দেবনাথ। অনুষ্ঠানে পুর এলাকার ১০টি স্ব-স্বহায়ক দলকে ১০ হাজার টাকার চেক প্রদান করা হয়। এই উপলক্ষে অনুষ্ঠান শুরুর আগে স্ব-স্বহায়ক দলগুলির সদস্য সদস্যাদের বর্ণাঢ্য র্যালী অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*